# উপজেলা পরিষদের ডিসেম্বর-২০২১ মাসের সভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| সভাপতি | ঃ | মোঃ মোখছেদুল মোমিন<br>চেয়ারম্যান, উপজেলা পরিষদ<br>সৈয়দপুর, নীলফামারী। |
| স্থান | ঃ | উপজেলা পরিষদ সভাকক্ষ, সৈয়দপুর। |
| তারিখ | ঃ | ০৯ ডিসেম্বর ২০২১ খ্রিঃ। |
| সময় | ঃ | বেলা-১১.০০টা। |

## সভায় উপস্থিত সদস্যবৃন্দ পরিশিষ্ট-" ক " এবং অনুপস্থিত সদস্যবৃন্দ পরিশিষ্ট-" খ "তে দেখানো হয়।

সভাপতি সভার শুরুতে উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে এবং উপজেলা নির্বাহী অফিসারকে সভা পরিচালনার জন্য অনুরোধ জানান।

উপজেলা নির্বাহী অফিসার সকলকে স্বাগত জানিয়ে সভা পরিচালনার কাজ শুরু করেন। অতঃপর সভাপতির অনুরোধক্রমে এজেন্ডা ভিত্তিক সভার কার্যক্রম শুরু করেন।

আলোচনাঃ-১, গত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদনঃ

সভায় ১১.১১.২০২১ তারিখের সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয়। কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় গত কার্যবিবরণী দৃঢ়ীকরণ করা হয়।

সিদ্ধান্তঃ-১, বিস্তারিত আলোচনান্তে গত ১১.১১.২০২১ তারিখের সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ করা হয়।

আলোচনাঃ-২, উপজেলা পরিষদের কমিটির সুপারিশ সম্পর্কিত আলোচনাঃ-

আলোচ্য সময়ে উপজেলা কমিটির কোন সুপারিশ পাওয়া যায়নি। উপজেলা পরিষদ কমিটির সদস্য সচিবগণকে নিয়মিত সভা করে সভার কার্যবিবরণী সুপারিশসহ সভাপতির বরাবরে উপস্থাপনের জন্য অনুরোধ জানানো হয়।

সিদ্ধান্তঃ-২, বিস্তারিত আলোচনান্তে কমিটির সদস্য সচিবগণকে নিয়মিত সভা করে সভার কার্যবিবরণী সুপারিশসহ সভাপতির বরাবরে উপস্থাপনের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

আলোচনাঃ-৩, সরকারী পরিপত্র নিয়ে আলোচনাঃ-

আলোচ্য সময়ে কোন সরকারী পরিপত্র পাওয়া যায়নি।

সিদ্ধান্তঃ-৩, সরকারী পরিপত্র পাওয়া গেলে যথাসময়ে উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়।

আলোচনাঃ-৪, মাননীয় জাতীয় সংসদ সদস্য কর্তৃক প্রেরিত সুপারিশ সম্পর্কিত আলোচনাঃ-

আলোচ্য সময়ে মাননীয় জাতীয় সংসদ সদস্য ১৫,নীলফামারী-৪ মহোদয়ের প্রতিনিধি উপস্থিত না থাকায় কোন সুপারিশ পাওয়া যায়নি।

সিদ্ধান্তঃ-৪, মাননীয় জাতীয় সংসদ সদস্য ১৫,নীলফামারী-৪ কর্তৃক কোন সুপারিশ ও নির্দেশনা পাওয়া গেলে যথাসময়ে উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়।

## বিভাগীয় আলোচনা ঃ

| দপ্তর | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| **আলোচনাঃ ৫**<br>উপজেলা প্রকৌশল দপ্তর/বার্ষিক উন্নয়ন কর্মসূচি | উপজেলা প্রকৌশলী সভায় জানান যে,২০২১-২২ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচির আওতায় বাস্তবায়নযোগ্য প্রকল্প চূড়ান্ত করা হয়েছে। পোড়ারহাট জিসি টু তারাগঞ্জ পর্যন্ত ১৭.৭৫ কিঃমিঃ রাস্তার টেন্ডার হয়েছে। শীঘ্রই কাজ শুরু হবে। তিনি আরও বলেন যে, বাঙ্গালীপুর ইউনিয়নের চৌমুহনী টু বেনীরহাট এবং বোতলাগাড়ী ইউনিয়নের পোড়ারহাট জিসি টু শ্বাষকান্দর রাস্তা সংস্কারের বরাদ্দ পাওয়া গেছে। এছাড়াও তিনি বলেন উপজেলা পরিষদের পঞ্চবার্ষিকী উন্নয়ন পরিকল্পনা প্রস্তুতের কাজ চলমান রয়েছে। এছাড়া দপ্তরের অন্যান্য স্বাভাবিক কার্যক্রম চলমান রয়েছে। | সিদ্ধান্ত ৫ ঃ<br>১) উপজেলা পরিষদের পঞ্চবার্ষিকী উন্নয়ন পরিকল্পনা প্রণয়নের কাজ যথাসম্ভব দ্রুত সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহীত হল।<br>২) বার্ষিক উন্নয়ন কর্মসূচি ২০২১-২২ অর্থ বছরের আওতায় প্রকল্প গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হল। | উপজেলা প্রকৌশলী |

| | | | |
|---|---|---|---|
| নারী বান্ধব ও নারী উন্নয়ন বিষয়ক | **আলোচনাঃ ০৬** উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান সভায় উপস্থাপন করেন যে, উপজেলা নারী উন্নয়ন ফোরামের কার্যক্রম চলমান রয়েছে। এছাড়া উপজেলা পরিষদ সভায় নারী উন্নয়ন তথা উন্নয়নমূলক কাজে নারীদের অংশগ্রহণের বিষয়ে আলোচনা করা হয়। | সিদ্ধান্ত ৬ ঃ বিস্তারিত আলোচনান্তে নারী উন্নয়ন ক্ষেত্রে সময়োপযোগী পদক্ষেপ গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা নির্বাহী অফিসার<br>২। উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান। |
| উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ দপ্তর | **আলোচনাঃ ৭.১** উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা সভায় জানান যে, করোনাভাইরাসের টিকাদান কার্যক্রমের আওতায় সৈয়দপুর উপজেলায় এ পর্যন্ত ২,০৩,৯৫৭টি টিকা প্রদান করা হয়েছে। বর্তমানে সৈয়দপুরে কোন পজিটিভ করোনা রোগী ০১ জন। শতকরা ৪৫% মানুষকে টিকা প্রদান করা হয়েছে। লক্ষ রয়েছে ৮৫%। ১১-১৪ ডিসেম্বর ২০২১ তারিখে ৬-৫৯ মাস বয়সী শিশুদের A+ ভিটামিন খাওয়ানো হবে। তিনি হাজারীহাট ইউনিয়ন স্বাস্থ্য কেন্দ্রে ইউজিডিপি প্রকল্পের আওতায় ভবন বরাদ্দ দেয়ার জন্য সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানান। এছাড়াও তিনি অসুস্থ্য ব্যক্তি ছাড়া সবাইকে করোনাভাইরাসের ভ্যাকসিন গ্রহণের জন্য অনুরোধ জানান এবং সকলকে ঘনঘন হাত ধোয়া, মাস্ক পরিধানসহ সামাজিক দূরত্ব বজায় রেখে চলার জন্য অনুরোধ করেন। | সিদ্ধান্ত ৭.১ ঃ সৈয়দপুর উপজেলায় করোনাভাইরাসের ভ্যাকসিন গ্রহণের জন্য মানুষদের মাঝে সচেতনতা তৈরীর সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা,সৈয়দপুর |
| উপজেলা কৃষি দপ্তর | **আলোচনাঃ ৭.২** উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান যে, ৫০% ভর্তুকিতে কৃষকদের মাঝে আবেদনের প্রেক্ষিতে ০৩টি কৃষি যন্ত্র বিতরণ করা হয়েছে। রোপা আমন শতভাগ কর্তন সম্পন্ন হয়েছে। বোরো মৌসুমের জন্য বীজতলা তৈরীর কাজ চলছে। রবি মৌসুমের জন্য সরিষা, গম, ভুট্টা ও শীতকালীন পেঁয়াজের প্রণোদনা পাওয়া গেছে এবং তা বিতরণ সম্পন্ন হয়েছে। এছাড়াও উফশী ও হাইব্রিড ধানের জন্য বীজ ও সার সহায়তা পাওয়া গেছে। মুজিব শতবর্ষ উপলক্ষে প্রতিটি ইউনিয়নে ১০০টি করে পুষ্টি বাগান তৈরী করা হবে। তিনি উপ-সহকারী কৃষি কর্মকর্তাদের বসার জন্য ইউনিয়ন পরিষদের বরাদ্দকৃত রুম সংস্কারসহ আসবাবপত্র বরাদ্দের অনুরোধ করেন। এছাড়া তিনি বলেন, উপজেলার কৃষকদের প্রয়োজনীয় পরামর্শ প্রদানসহ সার ও ডিজেলের মূল্য ও মজুদ পরিস্থিতি নিয়মিত তদারকি করা হচ্ছে। | সিদ্ধান্ত ৭.২ ঃ প্রাপ্ত প্রণোদনা যোগ্য কৃষক বাছাইপূর্বক বিতরণ করতে হবে। কৃষির বিষয়ে কৃষকদের প্রয়োজনীয় পরামর্শ প্রদান করতে হবে। সার ও ডিজেলের মূল্য ও মজুদ পরিস্থিতি নিয়মিত তদারকির সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা কৃষি কর্মকর্তা |
| উপজেলা প্রাণি সম্পদ দপ্তর | **আলোচনাঃ ৭.৩** উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, সভায় জানান যে, দুধ,ডিম ও মাংসের উৎপাদন বৃদ্ধির লক্ষে তাঁর দপ্তর হতে মাঠ পর্যায়ে টিকাদান ও প্রয়োজনীয় পরামর্শ প্রদান করা হচ্ছে। গাভী পালন ও ষাঁড় পালনের জন্য প্রজেক্টের আওতায় খামারী বাছাই চলছে। শীত মৌসুমে কবুতর ও মুরগির রানীক্ষেত রোগের প্রকোপ বৃদ্ধি পায়। দপ্তর হতে ভ্যাকসিন প্রদান করা হয়। এছাড়াও গবাদিপশুর চিকিৎসাসহ প্রয়োজনীয় পরামর্শ প্রদান করা হচ্ছে। খামার স্থাপন,ঘাস চাষসহ ইত্যাদি বিষয়ে পরামর্শ প্রদান অব্যাহত রয়েছে। | সিদ্ধান্ত ৭.৩ ঃ বিস্তারিত আলোচনান্তে উপজেলার ডিম,মাংস উৎপাদন বৃদ্ধিসহ গৃহপালিত পশু-পাখির রোগবালাই প্রতিরোধে প্রয়োজনীয় কার্যক্রম চালু রাখার সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা |
| উপজেলা মৎস্য কর্মকর্তার দপ্তর | **আলোচনাঃ ৭.৪** উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, ২০২১-২২ অর্থ বছরে প্রদর্শনী কার্যক্রম | সিদ্ধান্ত ৭.৪ ঃ বিস্তারিত আলোচনান্তে সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তাকে | উপজেলা মৎস্য কর্মকর্তা |

| | | | |
|---|---|---|---|
| | পরিচালনার জন্য প্রাপ্ত বরাদ্দের বিপরীতে স্থান বাছাই করা হচ্ছে। এছাড়া দেশীয় প্রজাতির মাছ চাষ বৃদ্ধির লক্ষ্যে বিভিন্ন কার্যক্রমসহ মৎস্য চাষিদেরকে মৎস্য চাষের বিষয়ে প্রশিক্ষণ প্রদানসহ প্রয়োজনীয় পরামর্শ প্রদান করা হচ্ছে। | দেশীয় প্রজাতির মাছ চাষ বৃদ্ধির লক্ষ্যে প্রয়োজনীয় কার্যক্রম পরিচালনার জন্য অনুরোধ করা হলো। | |
| ১০০ শয্যা হাসপাতাল | **আলোচনাঃ ৭.৫** আবাসিক মেডিকেল অফিসার, ১০০ শয্যা হাসপাতাল, সৈয়দপুর সভায় জানান যে, হাসপাতাল চত্বরে দালালদের উপস্থিতি বৃদ্ধি পেয়েছে। তারা রোগী ও রোগীর পরিবারকে ভুল বুঝিয়ে ক্লিনিকে সেবা নেয়ার জন্য বাধ্য করে। হাসপাতালের নষ্ট এম্বুলেন্সটি মেরামতপূর্বক সচল করে সেবা প্রদান করা হচ্ছে। এছাড়া হাসপাতালের চিকিৎসা কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | সিদ্ধান্ত ৭.৫ আবাসিক মেডিকেল অফিসার, ১০০ শয্যা বিশিষ্ট হাসপাতাল,সৈয়দপুকে নেশা সেবন ও চুরির বিষয়ে তথ্য সরবরাহের জন্য অনুরোধ করা হলো। তথ্য পাওয়া মাত্রই মোবাইল কোর্ট পরিচালনার সিদ্ধান্ত গৃহীত হলো। | আবাসিক মেডিকেল অফিসার, ১০০ শয্যা হাসপাতাল, সৈয়দপুর |
| উপজেলা সমাজসেবা দপ্তর | **আলোচনাঃ ৭.৬** উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভায় সভায় জানান যে, বর্ধিত ভাতাভোগীদের একাউন্ট খোলার কাজ শুরু হবে। ১৪-২১ ডিসেম্বর ২০২১ তারিখে ক্ষুদ্র ঋণ জাগরণী সপ্তাহ পালিত হবে।এছাড়া দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | সিদ্ধান্ত ৭.৬ ঃ উপজেলা সমাজসেবা কর্মকর্তাকে এ উপজেলার সামাজিক নিরাপত্তা বেষ্টনির আওতায় সকল ভাতাভোগীদের ভাতা প্রাপ্তির বিষয়টি নিশ্চিত করার জন্য বলা হলো। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা |
| উপজেলা শিক্ষা দপ্তর | **আলোচনাঃ ৭.৭** উপজেলা শিক্ষা অফিসার সভায় জানান যে, করোনাভাইরাসের কারনে চলতি বছরের বার্ষিক পরীক্ষা অনুষ্ঠিত হবেনা। এছাড়া দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | সিদ্ধান্ত ৭.৭ ঃ বিস্তারিত আলোচনান্তে প্রয়োজনীয় স্বাস্থ্যবিধি অনুসরণপূর্বক সকল শিক্ষা প্রতিষ্ঠানে পাঠদান কার্যক্রম পরিচালনার সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা শিক্ষা অফিসার,সৈয়দপুর |
| উপজেলা মাধ্যমিক শিক্ষা দপ্তর | **আলোচনাঃ ৭.৮** উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, সৈয়দপুর সভায় উপস্থিত না থাকায় তাঁর দপ্তর সম্পর্কে আলোচনা করা সম্ভব হয়নি। | সিদ্ধান্ত ৭.৮ ঃ উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকতা, সৈয়দপুরকে পরবর্তী সভায় কার্যপত্রসহ উপস্থিত থাকার জন্য বলা হলো। | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা |
| উপজেলা খাদ্য দপ্তর | **আলোচনাঃ ৭.৯** উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভায় জানান যে, চলতি মৌসুমে ৪৬৯ মেঃটঃ ধান এবং ১৬০২ মেঃটঃ চাউল সংগ্রহের লক্ষমাত্রা পাওয়া গেছে। সরকার নির্ধারিত মূল্যের চেয়ে বাজারের মূল্য বেশি হওয়ার কারনে ধান ও চাল সংগ্রহ সম্ভব হচ্ছেনা। এছাড়া অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | সিদ্ধান্ত ৭.৯ ঃ উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, সৈয়দপুরকে খাদ্যবান্ধব কর্মসূচির আওতায় পূর্বের তালিকা হালনাগাদ করার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক |
| উপজেলা নির্বাচন দপ্তর | **আলোচনাঃ ৭.১০** উপজেলা নির্বাচন অফিসার, সৈয়দপুর সভায় জানান যে, তাঁর দপ্তরের সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | সিদ্ধান্ত ৭.১০ ঃ উপজেলা নির্বাচন অফিসার, তাঁর দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালনার জন্য বলা হলো। | উপজেলা নির্বাচন কর্মকর্তা |
| উপজেলা পরিবার পরিকল্পনা দপ্তর | **আলোচনাঃ ৭.১১** উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার সভায় জানান যে, ১৮-২৩ ডিসেম্বর ২০২১ তারিখ পরিবার কল্যান সেবা সপ্তাহ উদযাপন করা হবে। এছাড়া দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | সিদ্ধান্ত ৭.১১ ঃ উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, সৈয়দপুরকে তাঁর দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালনার জন্য বলা হলো। | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার |
| উপজেলা পল্লী উন্নয়ন দপ্তর | **আলোচনাঃ ৭.১২** উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, তাঁর দপ্তর হতে ঋণ বিতরণ ও আদায় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। এছাড়া দপ্তরের অন্যান্য প্রকল্প বা কর্মসূচির কার্যক্রম ধারাবাহিকভাবে চলমান রয়েছে। | সিদ্ধান্ত ৭.১২ ঃ সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তাকে তাঁর দপ্তরের প্রশিক্ষণ, ঋণ বিতরণ ও আদায় কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালনার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা |
| উপজেলা মহিলা বিষয়ক দপ্তর | **আলোচনাঃ ৭.১৩** উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান যে, তাঁর দপ্তরের ভিজিডি ও মাতৃত্বভাতা প্রদান কার্যক্রমসহ অন্যান্য কার্যক্রম | সিদ্ধান্ত ৭.১৩ ঃ উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তাকে বাল্যবিবাহ প্রতিরোধসহ ভিজিডি ও মাতৃত্বভাতা প্রদান কার্যক্রম | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা |

| | | | |
|---|---|---|---|
| | স্বাভাবিকভাবে চলছে। ইউনিয়ন পরিষদ নির্বাচন/২০২১ এর তফসিল ঘোষণা হওয়ার কারনে ভিজিডির ডিও ট্যাগ অফিসারদের নামে করার জন্য নির্দেশনা পাওয়া গেছে। এছাড়া দপ্তরের অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | যথাযথভাবে পরিচালনা করার জন্য বলা হলো। | |
| উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল দপ্তর | **আলোচনাঃ ৭.১৪** উপ-সহকারী প্রকৌশলী, উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল দপ্তরের প্রতিনিধি সভায় জানান যে, "সমগ্র দেশে নিরাপদ পানি সরবরাহ" শীর্ষক প্রকল্পের আওতায় প্রতিটি উপজেলা ০১(এক)টি করে রুরাল পাইপড ওয়াটার সাপ্লাই স্কিম স্থাপন কাজের একক প্রাক্কলন প্রধান প্রকৌশলী কর্তৃক অনুমোদন করা হয়েছে। উপজেলা ওয়াটসন কমিটি এবং মাননীয় জাতীয় সংসদ সদস্যের সম্মতিক্রমে স্থান নির্বাচনপূর্বক প্রকল্পটি বাস্তবায়ন করা হবে। | সিদ্ধান্ত ৭.১৪ ঃ বিস্তারিত আলোচনান্তে উপ-সহকারী প্রকৌশলী, সৈয়দপুরকে রুরাল পাইপড ওয়াটার সাপ্লাই স্কিম স্থান নির্বাচনপূর্বক দ্রুত বাস্তবায়নের জন্য অনুরোধ করা হলো। | উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর |
| উপজেলা প্রকল্প বাস্তবায়ন দপ্তর | **আলোচনাঃ ৭.১৫** উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা,সৈয়দপুর সভায় জানান যে, ২০২১-২২ অর্থ বছরের প্রথম কিস্তির টিআর,কাবিখা/কাবিটার বরাদ্দ অনুযায়ী প্রকল্প বাস্তবায়নের কাজ চলছে। | সিদ্ধান্ত ৭.১৫ ঃ বিস্তারিত আলোচনান্তে নির্ধারিত সময়ে টিআর,কাবিখা/কাবিটা প্রকল্পের কাজ সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা |
| উপজেলা সমবায় দপ্তর | **আলোচনাঃ ৭.১৬** উপজেলা সমবায় কর্মকর্তা, সৈয়দপুর সভায় জানান যে, ঋণ বিতরণ ও আদায়সহ তাঁর দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | সিদ্ধান্ত ৭.১৬ ঃ উপজেলা সমবায় কর্মকর্তা, সৈয়দপুরকে তাঁর দপ্তরের ঋণ বিতরণ ও আদায়সহ অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালনার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা সমবায় কর্মকর্তা |
| উপজেলা পরিসংখ্যান দপ্তর | **আলোচনাঃ ৭.১৭** উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, সৈয়দপুর সভায় উপস্থিত না থাকায় তাঁর দপরের আলোচনা সম্ভব হয়নি। | সিদ্ধান্ত ৭.১৭ ঃ উপজেলা পরিসংখ্যান কর্মকর্তাকে পরবর্তী সভায় কার্যপত্রসহ উপস্থিত থাকার জন্য বলা হলো। | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা |
| উপজেলা আনসার ভিডিপি দপ্তর | **আলোচনাঃ ৭.১৮** উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, সৈয়দপুর সভায় জানান যে আসন্ন ইউপি নির্বাচন/২০২১ উপলক্ষ্যে দপ্তর হতে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করা হচ্ছে। এছাড়া অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | সিদ্ধান্ত ৭.১৮ ঃ উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, সৈয়দপুরকে তাঁর দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালনার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা |
| উপজেলা যুব উন্নয়ন দপ্তর | **আলোচনাঃ ৭.১৯** উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, সৈয়দপুর সভায় জানান যে, যুব প্রশিক্ষণ, ঋণ প্রদান, আত্মকর্মসংস্থান সৃষ্টি কার্যক্রমসহ দাপ্তরিক কার্যক্রম চলমান রয়েছে। | সিদ্ধান্ত ৭.১৯ ঃ উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা,সৈয়দপুরকে যুব প্রশিক্ষণ,ঋণ প্রদান, আত্মকর্মসংস্থান সৃষ্টি কার্যক্রমসহ স্বাভাবিক কার্যক্রম পরিচালনার জন্য বলা হলো। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা |
| ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স | **আলোচনাঃ ৭.২০** সিনিয়র স্টেশন অফিসার, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, সৈয়দপুর সভায় জানান যে, শুষ্ক মৌসুম শুরু হওয়ার কারনে বর্তমানে অগ্নিকান্ডের ঘটনা বৃদ্ধি পাচ্ছে। এ বিষয়ে সকলকে সচেতন থাকার অনুরোধ জানান। তিনি উপজেলার বিভিন্ন গুরুত্বপূর্ণ স্থানসমূহে অগ্নি নির্বাপক ব্যবস্থা রাখা নিশ্চিত করার প্রস্তাব রাখেন। এছাড়াও তিনি পানির সমস্যার কারনে একটি রিজার্ভারের জরুরী প্রয়োজন বলে সভায় উল্লেখ করেন। | সিদ্ধান্ত ৭.২০ সিনিয়র স্টেশস অফিসার, সৈয়দপুরকে তাঁর দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালনার জন্য বলা হলো। | সিনিয়র স্টেশন অফিসার, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স |
| উপজেলা বন বিভাগ | **আলোচনাঃ ৭.২১** ভারপ্রাপ্ত কর্মকর্তা, সামাজিক বনায়ন ও নার্সারি প্রশিক্ষণ কেন্দ্র সভায় জানান যে, অবৈধ করাত কলের বিরুদ্ধে আইনি ব্যবস্থা নেয়ার জন্য নির্দেশনা পাওয়া গেছে। লাইসেন্সের জন্য কিছু সংখ্যক আবেদন পাওয়া গেছে। পরিবেশ অধিদপ্তরের ছাড়পত্র সাপেক্ষে লাইসেন্স প্রদান করা হবে। | সিদ্ধান্ত ৭.২১ ঃ ভারপ্রাপ্ত কর্মকর্তা, সামাজিক বনায়ন ও নার্সারি প্রশিক্ষণ কেন্দ্র, সৈয়দপুরকে অবৈধ করাত কলগুলি বন্ধ করার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য বলা হলো। | ভারপ্রাপ্ত কর্মকর্তা, সামাজিক বনায়ন ও নার্সারি কেন্দ্র |

| | | | |
|---|---|---|---|
| আমার বাড়ী আমার খামার ও পল্লী সঞ্চয় ব্যাংক | **আলোচনাঃ ৭.২২** উপজেলা সমন্বয়কারী,আমার বাড়ী আমার খামার ও পল্লী সঞ্চয় ব্যাংক, সৈয়দপুর সভায় জানান যে, ঋণ বিতরণ ও আদায়সহ তাঁর দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। অদ্যাবধি আদায়ের হার ৭৪.৮৮% । | সিদ্ধান্ত ৭.২২ উপজেলা সমন্বয়কারী, আমার বাড়ী আমার খামার ও পল্লী সঞ্চয় ব্যাংক,সৈয়দপুরকে তাঁর দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালনার জন্য বলা হলো। | উপজেলা সমন্বয়কারী আমার বাড়ী আমার খামার ও পল্লী সঞ্চয় ব্যাংক |
| পল্লী দারিদ্র বিমোচন ফাউন্ডেশন | **আলোচনাঃ ৭.২৩** উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, তাঁর দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | সিদ্ধান্ত ৭.২৩ ঃ উপজেলা পল্লী দারিদ্র বিমোচন কর্মকর্তা, সৈয়দপুরকে তাঁর দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালনার জন্য বলা হলো। | উপজেলা পল্লী দারিদ্র বিমোচন কর্মকর্তা |
| উপজেলা পাট উন্নয়ন দপ্তর | **আলোচনাঃ ৭.২৪** উপ-সহকারী পাট উন্নয়ন কর্মকর্তা, সৈয়দপুর সভায় জানান যে তাঁর দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | সিদ্ধান্ত ৭.২৪ উপ-সহকারী পাট উন্নয়ন কর্মকর্তা, সৈয়দপুরকে তাঁর দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালনার জন্য বলা হলো। | উপ-সহকারী পাট উন্নয়ন কর্মকর্তা |
| উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি), স্থানীয় সরকার বিভাগ | **আলোচনাঃ ৭.২৫** উপজেলা ডেভলপমেন্ট ফ্যাসিলিটেটর, সৈয়দপুর সভায় জানান যে, ২০২০-২০২১ অর্থ বছরের উপজেলা গভর্নেন্স এন্ড ডেভেলপমেন্ট প্রজেক্টের আওতায় প্রাপ্ত বরাদ্দের বিপরীতে প্রকল্প তালিকা চূড়ান্ত করা হয়েছে। | সিদ্ধান্ত ৭.২৫ ২০২০-২০২১ অর্থ বছরের উপজেলা গভর্নেন্স এন্ড ডেভেলপমেন্ট প্রজেক্টের আওতায় প্রাপ্ত বরাদ্দের বিপরীতে গৃহীত প্রকল্প দ্রুত বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলিটেটর |
| তথ্য আপা | **আলোচনাঃ ৭.২৬** তথ্য আপা, সৈয়দপুর সভায় জানান যে, তাঁর দপ্তর হতে উপজেলার প্রত্যেক বাড়ির দরজায় গিয়ে তথ্য সহায়তা প্রদান করা হচ্ছে। এছাড়া লক্ষ্যমাত্রা অনুযায়ী সহায়তা প্রদানসহ উঠান বৈঠক আয়োজন করা হচ্ছে। | সিদ্ধান্ত ৭.২৬ তথ্য আপা, সৈয়দপুরকে তাঁর দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালনার জন্য বলা হলো। | তথ্য আপা,সৈয়দপুর |
| উপজেলা তথ্য ও প্রযুক্তি অধিদপ্তর | **আলোচনাঃ ৭.২৭** সহকারী প্রোগ্রামার,উপজেলা তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, সৈয়দপুর সভায় জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | সিদ্ধান্ত ৭.২৭ সহকারী প্রোগ্রামার, সৈয়দপুরকে তাঁর দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালনার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা তথ্য ও প্রযুক্তি অধিদপ্তর |
| ইউনিয়ন পরিষদ | **আলোচনাঃ ৭.২৮** চেয়ারম্যান বাঙ্গালীপুর ইউপি সভায় জানান যে, তাঁর ইউনিয়ন পরিষদের স্বাভাবিক কার্যক্রম চলমান রয়েছে। এছাড়াও তিনি ২০২১-২২ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচির কাজ দ্রুত সম্পন্ন করার জন্য অনুরোধ জানান। | সিদ্ধান্ত ৭.২৮ সকল ইউপি চেয়ারম্যানগণকে ইউনিয়ন পরিষদের কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য অনুরোধ করা হলো। | চেয়ারম্যান,সকল ইউপি,সৈয়দপুর |
| আলোচনা বিবিধঃ | **আলোচনাঃ ৮** সভায় উপজেলা নির্বাহী অফিসার নিরাপদ খাদ্য আইন ২০১৩ বিষয়ে উপস্থাপন করেন এবং বাংলাদেশ খাদ্য কর্তৃপক্ষ কর্তৃক প্রেরিত প্রচারণা পত্র পাঠ করে শোনান। "খাদ্যে ভেজাল ও দূষণ খাদ্য প্রতিরোধে সামাজিক আন্দোলন" এ বিষয়ে জেলা পর্যায়ে পাবলিক মিটিং আয়োজনের সম্ভাব্য রুপরেখা পাওয়া গেছে। তারই আলোকে উপজেলা পর্যায়ে সচেতনতামূলক আলোচনা সভা, ভিডিও ও প্রচারপত্র প্রদর্শনী এবং মাইকিং এর মাধ্যমে প্রচারণার কর্মসূচি প্রণয়ন পূর্বক বাস্তবায়নের জন্য নির্দেশনা দেয়া হয়েছে। বিস্তারিত আলোচনা হয়। | সিদ্ধান্ত ৮ ঃ বিস্তারিত আলোচনান্তে নির্দেশনা মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার ও সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান |

০৯। উপজেলা নির্বাহী অফিসার সভায় এ উপজেলায় জঙ্গী তৎপরতা রোধকল্পে জনসাধারণকে উদ্বুদ্ধ ও সচেতনতা বৃদ্ধিকরাসহ মসজিদের ইমামগণকে জঙ্গী তৎপরতার কুফল সম্পর্কে খুতবার শেষে বক্তব্য প্রদানের বিষয়ে দৃষ্টি আকর্ষণ করেন। জঙ্গীবাদের বিরুদ্ধে গণসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে ইউনিয়ন আইন-শৃঙ্খলা কমিটির সভায় আলোচনা করার জন্য অনুরোধ করা হয়।

১০। সভাপতি সভায় বিভাগীয় কমিশনারের কার্যালয়,রংপুর হতে প্রাপ্ত মানব পাচার রোধ সংক্রান্ত পত্রখানা সভায় উপস্থাপন করেন। এ উপজেলায় মানব পাচার রোধ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। মানব পাচার রোধে জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে মসজিদে জুম্মার নামাজের খুতবার পূর্বে আলোচনা করার জন্য মসজিদের ইমামগণকে অনুরোধ করা হয়।

এছাড়াও মানব পাচার রোধে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য সভার পক্ষ থেকে অফিসার ইনচার্জ, সৈয়দপুর থানা ও সকল ইউপি চেয়ারম্যানকে অনুরোধ করা হয়।

১১। সভায় উপজেলা নির্বাহী অফিসার মহোদয় জানান যে, অত্র সৈয়দপুর উপজেলা পরিষদ চত্বরে ইসলামিক ফাউন্ডেশনের আওতায় উপজেলা মডেল মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্র নির্মাণের নিম্মিত্তে উপজেলা পরিষদের পুরাতন জামে মসজিদটি অপসারণপূর্বক তৎস্থানে নুতন জামে মসজিদ নির্মিত হবে মর্মে ইতোপূর্বে সিদ্ধান্ত হয়েছিল।

নুতন জামে মসজিদটি নির্মানের স্বার্থে পুরাতন পুরাতন জামে মসজিদটি প্রকাশ্যে নিলামের মাধ্যমে বিক্রয়ের জন্য মূল্য নির্ধারণের জন্য উপজেলা প্রকৌশলীকে বলা হলে তিনি প্রাক্কলণ দাখিল করেছেন। যাহার প্রাক্কলিত মূল্য =১২৪৩৩৬/- টাকা।

<u>**সিদ্ধান্ত:**</u> সভায় উক্ত বিষয়ে বিষদ আলোচনান্তে উক্ত পুরাতন জামে মসজিদটি জরুরী ভিত্তিতে প্রকাশ্য নিলামের মাধ্যমে বিক্রয়ের জন্য উপজেলা প্রকৌশলী সাহেবকে অনুরোধ করা হলো।

১২। সভায় উপজেলা প্রকৌশলী জানান যে, ২০২১-২২ অর্থ বৎসরে সচিব, স্থানীয় সরকার বিভাগ মহোদয়ের আদেশ মতে উপজেলা রাজস্ব খাত হতে উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের বাসভবন ও শারীরীক নিরাপত্তায় আনসার সদস্যদের আবাসিক ভবন নির্মাণের জন্য অত্র দপ্তরের দরপত্র বিজ্ঞপ্তি নং- ০২/২০২১-২২, তাং- ১৪/০৯/২০২১ ইং মূলে দরপত্র আহবান করা হয়। দরপত্রটি বহুল প্রচারের জন্য ২টি পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশিত হয়। পত্রিকার সম্পাদকেরা দরপত্র প্রকাশ করে বিল দাখিল করেন। বিলের বিবরণ নিম্নরুপ:

| ক্রমিক নং | পত্রিকার নাম | বিল নম্বর | তারিখ | বিলের টাকা |
|---|---|---|---|---|
| ১। | দৈনিক নীলফামারী বার্তা | | | =৬৬২৪/- |
| ২। | The New Nation | ৪১১২ | ১৯/০৯/২০২১ | =৯৮০৭/২ |

<u>**সিদ্ধান্ত:**</u> সভায় বিশদ আলোচনান্তে বর্ণিত পত্রিকার বিল উপজেলা রাজস্ব তহবিল হতে ব্যয়ের সিদ্ধান্ত গৃহীত হলো।

১৩। সভায় উপজেলা প্রকৌশলী জানান যে, ২০২১-২২ অর্থ বৎসরে প্রকল্প পরিচালক, অতিরিক্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ মহোদয়ের আদেশ মতে ইউজিডিপি প্রকল্প খাত হতে কোভিড-১৯ মোকাবেলায় বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে হ্যান্ড ওয়াশিং বেসিন স্থাপন, কামারপুকুর ডিগ্রী কলেজ ও ধলাগাছ নিম্ন মাধ্যমিক বিদ্যালয়ে ওয়াশ ব্লক নির্মাণ এবং সৈয়দপুর বিজনেজ ম্যানেজমেন্ট ইন্সটিটিউট শিক্ষা প্রতিষ্ঠানে দুইরুম বিশিষ্ট শ্রেণিকক্ষ নির্মাণের জন্য অত্র দপ্তরের দরপত্র বিজ্ঞপ্তি নং- ০১/২০২১-২২, তাং- ০৫/০৯/২০২১ ইং মূলে দরপত্র আহবান করা হয়। দরপত্রটি বহুল প্রচারের জন্য ২টি পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশিত হয়। পত্রিকার সম্পাদকেরা দরপত্র প্রকাশ করে বিল দাখিল করেন। বিলের বিবরণ নিম্নরুপ:

| ক্রমিক নং | পত্রিকার নাম | বিল নম্বর | তারিখ | বিলের টাকা |
|---|---|---|---|---|
| ১। | দৈনিক ভোরের ডাক | | | |
| ২। | The Daily Sun | CR-865/21 | ০৭/০৯/২০২১ | =১১২৪০/১ |

<u>**সিদ্ধান্ত:**</u> সভায় বিশদ আলোচনান্তে উল্লিখিত পত্রিকার বিল উপজেলা রাজস্ব তহবিল হতে ব্যয়ের সিদ্ধান্ত গৃহীত হলো।

১৪। উপজেলা প্রকৌশলী সভায় আরও জানান যে, উপজেলা পরিষদ ভবনের সামনে রাস্তা সংলগ্ন সীমানা প্রাচীরটি রং নষ্ট হয়ে ময়লা হওয়ায় পুনরায় রংকরণ প্রয়োজন। উক্ত কাজের জন্য ১,০০,০০০/- (এক লক্ষ) টাকার প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। সভায় বিষয়টি নিয়ে বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে RFQ এর মাধ্যমে প্রকল্পটি বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়।

১৫। উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলিটেটর সভায় জানান যে, স্থানীয় সরকার বিভাগের বাস্তবায়নাধীন উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি)-এর আওতায় পঞ্চম অর্থ বছরের (২০২০-২১ অর্থ বছর) জন্য সক্ষমতা উন্নয়নের নিমিত্ত নিম্নোক্ত প্রশিক্ষণ বিষয়ক বিভিন্ন দপ্তর হতে প্রাপ্ত উপ-প্রকল্প প্রস্তাবনাসমূহ অনুমোদনের জন্য উপজেলা কমিটি এবং প্রকল্প বাছাই কমিটি (পিএসসি) কর্তৃক সুপারিশ করা হয়েছে। উপ-প্রকল্প প্রস্তাবনাসমূহের মোট প্রাক্কলিত বাজেট ভ্যাট ও ট্যাক্স ব্যতীত ১০,০০,০০০/= (দশ লক্ষ) টাকা। সভায় জানানো হয়, উপ-প্রকল্প প্রস্তাবনাসমূহ উপজেলা পরিষদের মাসিক সভায় অনুমোদনের পর বাস্তবায়নের জন্য সম্মতি গ্রহণের লক্ষ্যে ইউজিডিপি-এর প্রকল্প পরিচালক (অতিরিক্ত সচিব) বরাবর অনুমোদিত প্রস্তাবনাসমূহ পাঠানো হবে। প্রস্তাবনাসমূহ সভায় বিস্তারিত আলোচনা করা হয়।

<u>অগ্রাধিকার ক্রম অনুযায়ী প্রস্তাবিত উপ-প্রকল্পগুলোর বিবরণঃ</u>

| ক্র.নং | উপ-প্রকল্পের শিরোনাম | বাস্তবায়নকারী সংস্থা |
|---|---|---|
| ০১. | অনিয়ন্ত্রিত সামাজিক যোগাযোগ মাধ্যম এবং মোবাইলের বিভিন্ন অ্যাপস-এর অপব্যবহার রোধে স্কুল ও কলেজের শিক্ষার্থীদেরকে দেশের প্রচলিত আইন-কানুন ও মূল্যবোধ বিষয়ক সচেতনতা বৃদ্ধিমূলক কর্মসূচী | উপজেলা মাধ্যমিক ও মাদ্রাসা শিক্ষা কমিটি |
| ০২. | ডিজিটাল কন্টেন্ট তৈরী এবং বিভিন্ন অ্যাপস ও তথ্য প্রযুক্তির ব্যবহার সম্পর্কে প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকদের হাতে-কলমে প্রশিক্ষণ | উপজেলা প্রাথমিক ও গণশিক্ষা কমিটি |

| | | |
|---|---|---|
| ০৩. | অ্যান্টিবায়োটিক ঔষধের অপব্যবহার ও অপচিকিৎসা রোধে গ্রাম্য চিকিৎসক, ফার্মেসী মালিক/কর্মচারীদের সচেতনতা বৃদ্ধিমূলক কর্মশালা | উপজেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কমিটি |
| ০৪. | মাদক ও সন্ত্রাস মোকাবেলা, সামাজিক অবক্ষয় রোধ এবং ধর্মীয় সম্প্রীতি রক্ষায় যুব ও শিক্ষার্থীদের নিয়ে সচেতনতা বৃদ্ধিমূলক কর্মসূচী | উপজেলা মাধ্যমিক ও মাদ্রাসা শিক্ষা কমিটি |
| ০৫. | সমকালীন চাষাবাদ ও কৃষি যন্ত্রপাতির ব্যবহার, রাইস ট্রান্সপ্লান্টার ব্যবহারের মাধ্যমে চারা রোপনের কলাকৌশল বিষয়ক কৃষকদের সক্ষমতা বৃদ্ধিমূলক প্রশিক্ষণ | উপজেলা কৃষি ও সেচ কমিটি |
| ০৬. | বাল্যবিবাহ নিরোধ, যৌতুক ও নারী নির্যাতন প্রতিরোধকল্পে সচেতনতা বৃদ্ধিমূলক কর্মসূচী | উপজেলা মহিলা ও শিশু উন্নয়ন কমিটি |

**সিদ্ধান্তঃ** আলোচনান্তে পার্শ্বে উল্লিখিত উপ-প্রকল্পসমূহের গুরুত্ব বিবেচনা করে উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের প্রকল্প পরিচালক মহোদয়ের সম্মতিক্রমে প্রকল্পসমূহ বাস্তবায়নের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহিত হয়।

১৬। উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলিটেটর সভায় জানান যে, স্থানীয় সরকার বিভাগ কর্তৃক সরাসরি বাস্তবায়নাধীন উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় নীলফামারী জেলার সৈয়দপুর উপজেলায় পঞ্চম পর্যায়ের (২০২০-২১ অর্থ বছরের জন্য) অবকাঠামো উন্নয়ন ও সরঞ্জাম সরবরাহ বিষয়ক বিভিন্ন দপ্তর হতে প্রাপ্ত নিম্নোক্ত উপ-প্রকল্প প্রস্তাবনাসমূহ অনুমোদনের জন্য উপজেলা কমিটি এবং প্রকল্প বাছাই কমিটি (পিএসসি) কর্তৃক সুপারিশ করা হয়েছে। অতিরিক্ত বরাদ্দসহ অবকাঠামো উন্নয়ন ও সরঞ্জাম সরবরাহ বিষয়ক উপ-প্রকল্প প্রস্তাবনাসমূহের মোট প্রাক্কলিত বাজেট ভ্যাট ও ট্যাক্স ব্যতীত ৫০,০০,০০০/= (পঞ্চাশ লক্ষ) টাকা । সভায় জানানো হয়, উপ-প্রকল্প প্রস্তাবনাসমূহ উপজেলা পরিষদের মাসিক সভায় অনুমোদনের পর বাস্তবায়নের জন্য সম্মতি গ্রহণের লক্ষ্যে ইউজিডিপি-এর প্রকল্প পরিচালক (অতিরিক্ত সচিব) বরাবর অনুমোদিত প্রস্তাবনাসমূহ পাঠানো হবে। প্রস্তাবনাসমূহ সভায় বিস্তারিত আলোচনা করা হয়।

| ক্রমিক নং | উপ-প্রকল্পের নাম | সেক্টর | কাজের ধরণ |
|---|---|---|---|
| ০১ | হাজারীহাট উপ-স্বাস্থ্য কেন্দ্রে ভবন নির্মাণ | স্বাস্থ্য | নতুন স্থাপনা নির্মাণ |
| ০২ | উপজেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে উঁচু-নিচু বেঞ্চ সরবরাহ | শিক্ষা | সরঞ্জাম ক্রয় ও সরবরাহ |

**সিদ্ধান্তঃ** আলোচনান্তে পার্শ্বে উল্লিখিত উপ-প্রকল্পসমূহের গুরুত্ব বিবেচনা করে উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের প্রকল্প পরিচালক মহোদয়ের সম্মতিক্রমে প্রকল্পসমূহ বাস্তবায়নের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহিত হয়।

১৭। ২০২১-২২ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে উপজেলাসমূহের জন্য উন্নয়ন সহায়তা (কোড নং-২২১০০০৪০০) থোক বরাদ্দ হতে করোনাভাইরাসের (কোভিড-১৯) বিস্তাররোধকল্পে মাস্ক,হ্যান্ড স্যানিটাইজার, এন্টিসেপ্টিক সাবান, পালস অক্সিমিটার, অক্সিজেন সিলিন্ডার, থার্মাল স্ক্যানার ইত্যাদি বিনামূল্যে বিতরণ/সেবা প্রদানের জন্য ২,৮২,০০০/- (দুই লক্ষ বিরাশি হাজার) টাকা বরাদ্দ পাওয়া গেছে। সভায় বিস্তারিত আলোচনান্তে উক্ত বরাদ্দ হতে RFQ পদ্ধতিতে করোনাভাইরাসের (কোভিড-১৯) বিস্তাররোধকল্পে প্রয়োজনীয় উপকরণ ক্রয়ের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ জানানো হয়।

১৮। উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, উপজেলা পরিষদের আবাসিক এলাকার চামেলী-২ ভবনটি জরুরীভিত্তিতে মেরামত/ সংস্কার করা প্রয়োজন। তিনি উক্ত ভবনটি মেরামত/ সংস্কার কাজের জন্য ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকার প্রাক্কলন প্রস্তুতপূর্বক অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করেন। সভায় বিস্তারিত আলোচনান্তে চামেলী-২ ভবনের মেরামত/ সংস্কার কাজ প্রস্তুতকৃত প্রাক্কলন মোতাবেক RFQ পদ্ধতিতে বাস্তবায়নের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

১৯। সভায় উপজেলা পরিষদে আনসার সদস্যদের জন্য ব্যারাক নির্মানের স্থানে বিভিন্ন প্রজাতির ১১ (এগার) টি গাছ রয়েছে বলে উল্লেখ করা হয়। গাছগুলো অপসারণ না করা পর্যন্ত ব্যারাক নির্মানের কাজ শুরু করা যাচ্ছেনা বিধায় গাছগুলো অপসারণের বিষয়ে সভায় আলোচনা হয়। বিস্তারিত আলোচনান্তে গাছগুলো জরুরীভিত্তিতে অপসারণের সিদ্ধান্ত গৃহীত হয় এবং গাছগুলো অপসারণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ জানানো হয়।

২০। উপজেলা প্রকৌশলী সভায় আরও জানান যে, উপজেলা পরিষদের পুকুর খনন এবং ঘাটলা নির্মান ও উপজেলা কমপ্লেক্স ভবন নির্মানের সার্ভে বাবদ ব্যয়ের জন্য ২৪,০০০/- (চব্বিশ হাজার) টাকা প্রয়োজন। উক্ত কাজের জন্য কোন বরাদ্দ না থাকায় তিনি উপজেলা পরিষদ রাজস্ব তহবিল থেকে এ ব্যয় নির্বাহ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানান। সভায় বিস্তারিত আলোচনান্তে কাজ দু'টির গুরুত্ব বিবেচনা করে সর্বসম্মতিক্রমে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে সার্ভে খরচ বাবদ ২৪,০০০/- (চব্বিশ হাজার) টাকা ব্যয়ের সিদ্ধান্ত গৃহীত হলো।

২১। সভায় উল্লেখ করা হয় যে, উপজেলা পরিষদের নতুন কমপ্লেক্স ভবন তৈরীর স্থানে সাব রেজিস্টার অফিসের দলিল লেখকদের ঘর এবং কয়েকটি বিভিন্ন প্রজাতির গাছ রয়েছে। ভবন তৈরীর নিমিত্তে উক্ত ঘর এবং গাছগুলো জরুরীভিত্তিতে অপসারণ করা প্রয়োজন। বিস্তারিত আলোচনান্তে সভায় সর্বসম্মতিক্রমে উপজেলা পরিষদের নতুন কমপ্লেক্স ভবন তৈরীর জন্য নির্ধারণকৃত

স্থানের সাব রেজিস্টার অফিসের দলিল লেখকদের ঘর এবং গাছগুলি জরুরীভিত্তিতে অপসারণের সিদ্ধান্ত গৃহীত হয়। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলী, সৈয়দপুরকে সভায় অনুরোধ জানানো হয়।

২২। **প্রকল্পের নামঃ** বাঙ্গালীপুর ইউনিয়নের লক্ষণপুর বালাপাড়ার শাহাজাহান মন্ডলের বাড়ির কাছ থেকে মসজিদের পাড় পর্যন্ত রাস্তা সলিংকরণ।

**প্রাক্কলিত অর্থের পরিমানঃ** ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা।

**খাতঃ** বার্ষিক উন্নয়ন কর্মসূচি, অর্থ বছর-২০২১-২০২২।

**প্রকল্প বাস্তবায়ন কমিটিঃ**

| ক্রমিক নং | নাম | পদবী | কমিটির পদবী |
|---|---|---|---|
| ০১ | শ্রী প্রনোবেশ চন্দ্র বাগচী | চেয়ারম্যান, ০৩নং বাঙ্গালীপুর ইউপি | সভাপতি |
| ০২ | মোঃ আজিজার রহমান | মুক্তিযোদ্ধা | সদস্য |
| ০৩ | মোঃ নজরুল ইসলাম মন্ডল | শিক্ষক | সদস্য |
| ০৪ | মোঃ মজিবর রহমান | গণ্যমান্য | সদস্য |
| ০৫ | মোঃ বাবু মুন্সি | ইমাম | সদস্য |
| ০৬ | মোঃ হামিদুর রহমান মন্ডল | সমাজ সেবক | সদস্য |
| ০৭ | মোঃ সাইদার মন্ডল | গণ্যমান্য | সদস্য-সচিব |

**সিদ্ধান্তঃ** গঠিত কমিটিকে জরুরীভিত্তিতে কাজটি সম্পন্ন করার জন্য অনুরোধ করা হলো।

**২৩।** উপজেলা প্রকৌশলী সভায় জানান যে ২০২১-২০২২ অর্থবছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচী (এডিপি) ও উপজেলা উন্নয়ন তহবিল (রাজস্ব উদ্বৃত) এর আওতায় খাতওয়ারী প্রকল্প গ্রহণপূর্বক বাছাই কার্যক্রম প্রকল্প বাছাই কমিটির গত ০৯/১২/২০২১ ইং তারিখের সভায় সম্পন্ন হয়েছে এবং বাছাই কমিটির উক্ত সভায় বাছাইকৃত প্রকল্পসমূহ অনুমোদনের জন্য উপজেলা পরিষদের সভায় উপস্থাপনের সিদ্ধান্ত সভায় সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। বাছাইকৃত প্রকল্পসমূহ নিম্নোক্তভাবে উপস্থাপন করা হলোঃ

| ক্রমিক নং | প্রকল্পের নাম | প্রকল্পের খাত | টাকার পরিমান | বাস্তবায়নের পদ্ধতি | অর্থের উৎস | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| ০১ | কাশিরামবেলপুকুর ইউনিয়নের পূর্ব বেলপুকুর ঘোনপাড়া ০৪ নং ওয়ার্ডের সুলতান হোসেনের বাড়ি থেকে মকবুল হোসেন এর বাড়ি পর্যন্ত রাস্তা সিসি করন | পরিঃ ও যোগাযোগ | ৯৯৬১৪৯.০০ | টেন্ডার | UPDF | |
| ০২ | কাশিরামবেলপুকুর ইউনিয়নের ০৪ নং ওয়ার্ডের পূর্ব বেলপুকুর আদানীপাড়া মোঃ আকবর আলীর বাড়ি থেকে মসজিদ হয়ে পাকা রাস্তা পর্যন্ত ইটের সলিং করন। | পরিঃ ও যোগাযোগ | ৭৮৬১৯.০০ | টেন্ডার | UPDF | |
| ০৩ | কাশিরামবেলপুকুর ইউনিয়নের হাজারীহাট মাদ্রাসার বাউন্ডারী ওয়াল নির্মাণ। | শিক্ষার উন্নয়ন | ২২৮৯৪৫.০০ | টেন্ডার | UPDF | |
| ০৪ | কাশিরামবেলপুকুর ইউনিয়নের ০৫ নং ওয়ার্ডের আব্দুল গফুরের বাড়ি হতে জামে মসজিদ পর্যন্ত রাস্তা ইটের সলিং করন। | পরিঃ ও যোগাযোগ | ৬৯৮১৩.০০ | টেন্ডার | ADP | |
| ০৫ | কাশিরামবেলপুকুর ইউনিয়নের ০৩ নং ওয়ার্ডের পাকা রাস্তা হতে ঈদগাহ মাঠ , কবরস্থান ও মাদ্রাসা যাওয়ার রাস্তা সিসি করন। | পরিঃ ও যোগাযোগ | ২৫৫৭৬৩.০০ | টেন্ডার | ADP | |
| ০৬ | কাশিরামবেলপুকুর ইউনিয়নের ০২ ওয়ার্ডের উত্তর তেলীপাড়ার আল হুদা মসজিদ মোড় হতে মৃত মহির উদ্দিনের পুকুরের কিনার পর্যন্ত রাস্তা সলিং করন | পরিঃ ও যোগাযোগ | ৩৩০৮৩১.০০ | টেন্ডার | ADP | |
| ০৭ | কামারপুকুর ইউনিয়নের দলুয়া সরকারপাড়ার মধ্যবর্তী স্থানে অধ্যাক্ষ আইয়ুব আলী সরকারের (অবঃ) বাড়ির পার্শ্বে রাস্তা সংলগ্ন পুকুরের উত্তর পার্শ্বে গাইড ওয়াল নির্মাণ। | পরিঃ ও যোগাযোগ | ১২১০০০.০০ | টেন্ডার | UPDF | |
| ০৮ | কামারপুকুর ইউনিয়নের ৪নং ওয়ার্ড তছিরুদ্দিন হাফেজিয়া মাদ্রাসার টয়লেট(ওয়াসব্লক) নির্মাণ। | জনস্বাস্থ্য | ৩৬৫০০০.০০ | টেন্ডার | UPDF | |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| ০৯ | সৈয়দপুর উপজেলা ৫টি ইউনিয়নের হতদরিদ্রদের মাঝে টিউবওয়েল স্থাপন। | জনস্বাস্থ্য | ৬০০০০০.০০ | টেন্ডার | UPDF | |
| ১০ | বাঙ্গালীপুর ইউনিয়নের ০২ নং ওয়ার্ডের মন্ডলপাড়া মসজিদের উত্তর পার্শ্বের রাস্তার পার্শ্বের প্রাচীরের কাছ থেকে শুরু করে দক্ষিনের কালভার্ট পর্যন্ত পানি নিস্কাশনের জন্য ড্রেন নির্মাণ। | কৃষি ও সেচ | ৭৮৭৫৬৪.০০ | টেন্ডার | UPDF | |
| ১১ | বাঙ্গালীপুর ইউনিয়নের ০৬ নং ওয়ার্ডের মীরপাড়া বায়তুল আজিম জামে মসজিদ সংলগ্ন পুকুরের পার্শ্বে রাস্তার ধারে গাইড ওয়াল নির্মাণ। | পরিঃ ও যোগাযোগ | ১৪২৭৩১.০০ | টেন্ডার | UPDF | |
| ১২ | বাঙ্গালীপুর ইউনিয়নের বয়েতপাড়ায় মেইন রাস্তা থেকে মসজিদ পর্যন্ত ইটের সলিং করন। | পরিঃ ও যোগাযোগ | ৫০০০০.০০ | টেন্ডার | UPDF | |
| ১৩ | বাঙ্গালীপুর ইউনিয়নের ১নং ওয়ার্ডের পশ্চিপাড়া কবরস্থানের পার্শ্বে মোজাম্মেল হোসেনের পুকুরে গাইডওয়াল নির্মাণ। | পরিঃ ও যোগাযোগ | ৩০০০১০.০০ | টেন্ডার | UPDF | |
| ১৪ | খাতামধুপুর ইউনিয়নের ০৭ নং ওয়ার্ডের খিয়ারপাড়া জুম্মা হাজারীহাট মোড় হতে সোহাগ চৌধুরীরীর বাড়ী পর্যন্ত রাস্তা এইচবিবি করন। | পরিঃ ও যোগাযোগ | ২৬৯০৬৯.০০ | টেন্ডার | ADP | |
| ১৫ | বোতলাগাড়ী ইউনিয়নের ০৫ নং ওয়ার্ডের পাঠানপাড়া কবরস্থানের পার্শ্বের রাস্তা সিসি করন। | পরিঃ ও যোগাযোগ | ১২৪৯০৯.০০ | টেন্ডার | ADP | |
| ১৬ | বোতলাগাড়ী ইউনিয়নের ০৫ নং ওয়ার্ডের তেলীপাড়ার অফিলার বাড়ি থেকে আলাউদ্দিনের বাড়ি পর্যন্ত রাস্তা এইচবিবি করন। | পরিঃ ও যোগাযোগ | ১১২৮২৮০.০০ | টেন্ডার | ADP | |
| ১৭ | বোতলাগাড়ী ইউনিয়নের ০৫ নং ওয়ার্ডের তেলীপাড়ার তাহেরের বাড়ি থেকে ছাত্তারের বাড়ি পর্যন্ত ড্রেন নির্মাণ করন। | কৃষি ও সেচ | ৩৫৫৪৭৭.০০ | টেন্ডার | UPDF | |
| ১৮ | বোতলাগাড়ী ইউনিয়নের ০৫ নং ওয়ার্ডের পাঠানপাড়ার প্রধান সড়ক থেকে জসিয়ারের বাড়ি পর্যন্ত রাস্তা এইচবিবি করন। | পরিঃ ও যোগাযোগ | ৫৬২১৫.০০ | টেন্ডার | UPDF | |
| ১৯ | বোতলাগাড়ী ইউনিয়নের ০৯ নং ওয়ার্ডের দোলাপাড়ার জোনারের বাড়ি থেকে শুরু করে ছাত্তারের বাড়ি হয়ে হারুন মেম্বারের বাড়ি পর্যন্ত রাস্তা ইটের সলিং করন। | পরিঃ ও যোগাযোগ | ৮৪৮২৫১.০০ | টেন্ডার | UPDF | |
| ২০ | বোতলাগাড়ী ইউনিয়নের ০৯ নং ওয়ার্ডের সোনাখুলী বড়বাড়ি হতে নিউ বড়বাড়ী এবং পশ্চিমপাড়া পর্যন্ত রাস্তা সিসি করন। | পরিঃ ও যোগাযোগ | ১০৮৫৪১০.০০ | টেন্ডার | UPDF | |
| ২১ | খাতামধুপুর ইউনিয়নের হাজিপাড়া দাখিল মদ্রাসা মেরামত করন | শিক্ষার উন্নয়ন | ৪০০০০০.০০ | টেন্ডার | ADP | |
| ২২ | খাতামধুপুর ইউনিয়নের ৮নং ওয়ার্ডের ভুল্লাপাড়া দূর্গা মন্দির হতে বিশ্ব রোড পর্যন্ত রাস্তা এইচবিবি করন। | | ৪০০০০০.০০ | টেন্ডার | ADP | |
| ২৩ | খাতামধুপুর ইউনিয়নের ৮নং ওয়ার্ডের পাইকারপাড়ার মাথা থেকে সরকারপাড়া মসজিদ পর্যন্ত রাস্তা সিসি করন | পরিঃ ও যোগাযোগ | ৪০০০০০.০০ | টেন্ডার | ADP | |
| ২৪ | খাতামধুপুর ইউনিয়নের ৮নং ওয়ার্ডের ওলিয়ার মেম্বারের মসজিদ থেকে কদমতলী পর্যন্ত রাস্তা সিসি করন | পরিঃ ও যোগাযোগ | ৩৭৪৬৩৩.০০ | টেন্ডার | ADP | |
| ২৫ | সৈয়দপুর উপজেলা ৫টি ইউনিয়নের হতদরিদ্রদের মহিলাদের মাঝে সেলাই মেশিন সরবরাহ। | | **১২১৫০০.০০** | টেন্ডার | ADP | নারী উন্নয়ন ফোরাম |
| ২৬ | কামারপুকুর ইউনিয়নের ৮নং ওয়ার্ড আইসঢাল খিয়ারপাড়া মসজিদের নিকট হতে ফজলুর বাড়ি পর্যন্ত রাস্তা সিসি করন। | পরিঃ ও যোগাযোগ | **২৫০০০০.০০** | টেন্ডার | UPDF | |
| ২৭ | কামারপুকুর ইউনিয়নের ১নং  ওয়ার্ড ধলাগাছ সর্দ্দারপাড়া পাকা রাস্তা মৃত ইসরাফিলের বাড়ি হতে রাশেদুলের বাড়ি পর্যন্ত রাস্তা সিসি করণ। | পরিঃ ও যোগাযোগ | ১৫৯৩৪২.০০ | টেন্ডার | UPDF | |
| ২৮ | বাঙ্গালীপুর ইউনিয়নের ৩নং ওয়ার্ডের এয়ারপোর্ট পশ্চিপাড়া আমিনুলের বাড়ি হতে মসজিদ পর্যন্ত রাস্তা সলিং করন ও ড্রেন নির্মাণ। | | ১০৩৫০০.০০ | টেন্ডার | UPDF | |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| ২৯ | বাঙ্গালীপুর ইউনিয়নের ৩নং ওয়ার্ডের বাঙ্গালীপুর গিড়িয়াপাড়া কালি মন্ডব হতে কবরস্থান পর্যন্ত রাস্তা সলিং করন। | পরিঃ ও যোগাযোগ | ১২৫০০০.০০ | টেন্ডার | UPDF | |
| ৩০ | বাঙ্গালীপুর ইউনিয়নের ৫নং ওয়ার্ডের লক্ষনপুর চড়কপাড়া সালাম ডাক্তারের বাড়ী হতে শামসুলের বাড়ী পর্যন্ত রাস্তা সলিং করন। | পরিঃ ও যোগাযোগ | ১০৪৯৯১.০০ | টেন্ডার | UPDF | |
| ৩১ | বাঙ্গালীপুর ইউনিয়নের ৯নং ওয়াডের মন্ডলপাড়া আব্দুর রশিদ মন্ডলের পুকুরে গাইডওয়াল নির্মাণ | | ১৩৬৬৫০.০০ | টেন্ডার | ADP | |
| ৩২ | কাশিরামবেলপুকুর ইউনিয়নের ৭নং ওয়ার্ডের মংগুলু কাজীর মোড় হতে চৌধুরীপাড়া যাওয়ার রাস্তায় পুকুরের পার্শ্বে গাইডওয়াল নির্মাণ। | পরিঃ ও যোগাযোগ | ২০০৯৬২.০০ | টেন্ডার | UPDF | |
| ৩৩ | কাশিরামবেলপুকুর ইউনিয়নের ৯নং ওয়ার্ডের লংকাপাড়া আঃ মজিদের বাড়ী হতে ক্যানেল পর্যন্ত ড্রেন নির্মাণ | কৃষি ও সেচ | ১৯৯০৫৭.০০ | টেন্ডার | UPDF | |
| ৩৪ | কাশিরামবেলপুকুর ইউনিয়নের বটতলী বাজারে জামিরিয়া মিস বাহুল উলুম মাদ্রাসা মেরামত করন। | শিক্ষার উন্নয়ন | ১০০০০০.০০ | টেন্ডার | UPDF | |
| ৩৫ | সৈয়দপুর উপজেলা ৫টি ইউনিয়নের হতদরিদ্রদের মহিলাদের মাঝে সেলাই মেশিন সরবরাহ। | | ২৮৩৫০০.০০ | টেন্ডার | UPDF | নারী উন্নয়ন ফোরাম |
| ৩৬ | বোতলাগাড়ী ইউনিয়নের ইউনিয়ন পরিষদের গেট হইতে ইউপি অফিস পর্যন্ত অবশিষ্ট রাস্তা আরসিসি করন। | পরিঃ ও যোগাযোগ | ১৭৫৬২৪.০০ | টেন্ডার | UPDF | |
| ৩৭ | বোতলাগাড়ী ইউনিয়নের মাঝাপাড়া কালিতলা মসজিদ হইতে সফিকুলের বাড়ি পর্যন্ত রাস্তা ইটের ছলিং করন। | পরিঃ ও যোগাযোগ | ১৯৯১৫৫.০০ | টেন্ডার | UPDF | |
| ৩৮ | খাতামধুপুর ইউনিয়নের ৮নং ওয়ার্ডের হাজিপাড়া খিয়ারজুম্মা মাসুদের বাড়ি হইতে মিমের বাড়ি পর্যন্ত হেরিংবোন্ড করন। | পরিঃ ও যোগাযোগ | ১৯৩৬১৮.০০ | টেন্ডার | ADP | |
| ৩৯ | খাতামধুপুর ইউনিয়নের ৬নং ওয়ার্ডের ঘড়িপাড়া মজিবর মাষ্টারের বাড়ী পর্যন্ত রাস্তা সিসি করন | পরিঃ ও যোগাযোগ | ১৯৮৯৯২.০০ | টেন্ডার | ADP | |
| ৪০ | সৈয়দপুর উপজেলার জাতীয় স্মৃতিসৌধ মেরামত করন। | | ১৫৮১৭৫৩.০০ | টেন্ডার | UPDF | |
| ৪১ | সৈয়দপুর উপজেলার জাতীয় স্মৃতিসৌধ অভ্যন্তরিন রাস্তা ও গেট নির্মাণ। | | ৭৮১৪৯৫.০০ | টেন্ডার | UPDF | |
| ৪২ | সৈয়দপুর উপজেলার বিভিন্ন ইউনিয়নে হতদরিদ্র ছাত্র-ছাত্রীদের মাঝে বাই সাইকেল বিতরণ। | | ৪৫০০০০.০০ | টেন্ডার | UPDF | |

**সিদ্ধান্তঃ** বাছাই কমিটি কর্তৃক প্রস্তাবিত প্রকল্পসমূহ (প্রকল্প বাছাই কমিটি দ্বারা বাস্তবায়নযোগ্য প্রকল্পের ক্ষেত্রে প্রকল্প বাছাই কমিটিসহ) সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদিত হলো। পরবর্তী কার্যক্রম গ্রহনের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ জানানো হলো।

২। তিনি আরো জানান যে ২০২১-২০২২ ইং অর্থবছরে উপজেলা পরিষদের বার্ষিক উন্নয়ন কর্মসূচী (এডিপি) , উপজেলা উন্নয়ন তহবিল (রাজস্ব উদ্বৃত্ত) এর আওতায় গৃহীত সকল কাজ ই-জিপি পদ্ধতিতে বাস্তবায়নের নির্দেশনা রয়েছে। বিধায় ২০২১-২০২২ অর্থবছরে উপজেলা পরিষদের সকল কাজ (পিআইসি ব্যতিত) ইজিপি'র মাধ্যমে LTM পদ্ধতিতে অনলাইনে দরপত্র আহবানের মাধ্যমে বাস্তবায়ন করা যায়।

**সিদ্ধান্তঃ** উপজেলা প্রকৌশলী কর্তৃক উত্থাপিত প্রস্তাবটি যৌক্তিক হওয়ায় ২০২১-২০২২ অর্থবছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচীসহ উপজেলা পরিষদের সকল কাজ ইজিপি'র মাধ্যমে LTM পদ্ধতিতে দরপত্র আহবানের মাধ্যমে বাস্তবায়নের সিদ্ধান্ত সভায় সর্বসম্মতিক্রমে গৃহীত হলো। পরবর্তী কার্যক্রম গ্রহনের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ জানানো হলো।

২৪। উপজেলা পরিষদের নিম্নোক্ত ব্যয়গুলো অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করা হয়ঃ

| | | |
|---|---|---|
| ১. | চেয়ারম্যান,উপজেলা পরিষদ,সৈয়দপুর মহোদয়ের নভেম্বর/২০২১ মাসের সম্মানি বাবদ | ৪০,০০০/- |
| ২. | ভাইস চেয়ারম্যান,উপজেলা পরিষদ,সৈয়দপুর এর নভেম্বর/২০২১ মাসের সম্মানি বাবদ | ২৭,০০০/- |
| ৩. | মহিলা ভাইস চেয়ারম্যান,উপজেলা পরিষদ,সৈয়দপুর নভেম্বর/২০২১ মাসের সম্মানি বাবদ | ২৭,০০০/- |
| ৪. | উপজেলা পরিষদের মালির নভেম্বর/২০২১ মাসের মজুরী | ১৫,৪০০/- |
| ৫. | উপজেলা পরিষদের সুইপারের নভেম্বর/২০২১ মাসের মজুরী | ১৩,৭৫০/- |
| ৬. | উপজেলা পরিষদের ড্রেন পরিস্কার বাবদ ব্যয় | ৮,০০০/- |
| ৭. | উপজেলা পরিষদের অক্টোবর/২০২১ মাসের আপ্যায়ন ব্যয় বাবদ | ২৬,৮৫০/- |
| ৮. | উপজেলা পরিষদ কার্যালয়ের নভেম্বর/২০২১ মাসের আনুষঙ্গিক ব্যয় বাবদ | ৪,৪৭৫/- |

| | | |
|---|---|---|
| ৯. | কম্পিউটার সামগ্রী ক্রয় | ৪,২৯৬/- |
| ১০. | উপজেলা পরিষদ ভবনের পানির লাইন মেরামত বাবদ ব্যয় | ২২,৩৭৫/- |
| ১১. | উপজেলা পরিষদের আপ্যায়ন,আনুষঙ্গিক,কম্পিউটার সামগ্রী ক্রয় ও পানির লাইন মেরামত ব্যয়ের ভ্যাট | ৪,৮৬০/- |
| ১২. | উপজেলা পরিষদের আপ্যায়ন,আনুষঙ্গিক,কম্পিউটার সামগ্রী ক্রয় ও পানির লাইন মেরামত ব্যয়ের আয়কর | ২,০৫২/- |

সভায় বিস্তারিত আলোচনান্তে উপস্থাপিত ব্যয়গুলো অনুমোদন দেয়া হয়।
পরিশেষে আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে আন্তরিক ধন্যবাদ জানিয়ে এবং করোনাভাইরাসের সংক্রমন হতে নিরাপদ থাকার উদ্দেশ্যে সকলকে সজাগ ও সচেতন থাকার আহবান জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ মোখছেদুল মোমিন)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
সৈয়দপুর,নীলফামারী।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
সৈয়দপুর, নীলফামারী।
***www.syedpur.nilphamari.gov.bd***

স্মারক নং- ০৫.৪৭.৭৩৮৫.০০০.০৩.০০২.২১-  তারিখ ঃ ০৯ ডিসেম্বর ২০২১ খ্রিঃ।

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরিত হলো ঃ- (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১। মাননীয় জাতীয় সংসদ সদস্য, ১৫-নীলফামারী-০৪/ মাননীয় জাতীয় সংসদ সদস্য, মহিলা আসন-২৩।

০২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০৩। পরিচালক, স্থানীয় সরকার, রংপুর বিভাগ, রংপুর।

০৪। জেলা প্রশাসক, নীলফামারী।

০৫। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সৈয়দপুর।

০৬। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, নীলফামারী।

০৭। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সৈয়দপুর।

০৮। উপজেলা ......................................................অফিসার, সৈয়দপুর, নীলফামারী।

০৯। চেয়ারম্যান,.....................................................ইউপি(সকল), সৈয়দপুর, নীলফামারী।

১০। জনাব...................................................সংরক্ষিত নারী সদস্য, উপজেলা পরিষদ, সৈয়দপুর, নীলফামারী।

১১। অফিস কপি ।

(মোঃ শামীম হুসাইন)
উপজেলা নির্বাহী অফিসার
সৈয়দপুর, নীলফামারী।
ফোনঃ ০৫৫২৬৭২২৮৬
মোবাঃ ০১৭১৩৩৯০৬৬৬